



নম্বর: ৩৬.০০.০০০০.০৪৬.৯৯.০১৬.২০.৫৯২

তারিখ: ১০ আষাঢ়, ১৪২৭
২৪ জুন ২০২০

অফিস আদেশ

মন্ত্রণালয়ের সকল দাপ্তরিক কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পাদন করার ইতোপূর্বের সরকারী নির্দেশনা পরিপালনে এবং বর্তমানে কোভিড ১৯ মহামারীকালে সংক্রমণ মোকাবেলা ও এর বিস্তার রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন এবং স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী জারীকৃত; পালক্রমে (Roster Duty) অনুবিভাগের কর্মকর্তা/কর্মচারীদের কার্যালয়ে উপস্থিত হয়ে এবং বাড়ীতে থেকে অর্পিত দায়িত্ব প্রতিপালনের সুবিধার্থে মন্ত্রণালয়ের নথি পত্রের কার্যধারা বিশেষ ক্ষেত্র ব্যতীত শতভাগ ই-নথির মাধ্যমে এবং সম্ভাব্য ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগে ই-নথির মাধ্যমে পত্র যোগাযোগ সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এলক্ষ্যে মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/সংস্থা কে সকল পত্র যোগাযোগ আবশ্যিকভাবে ই-নথির মাধ্যমে প্রেরণ করার বিষয়টি অনুবিভাগ প্রধানগণ আওতাধীন দপ্তর/সংস্থার সাথে যোগাযোগ করে নিশ্চিত করবেন। এই সাথে মন্ত্রণালয় থেকে প্রেরিত পত্র যোগাযোগে ই-নথি/ই-মেইলে উত্তর প্রেরণের উল্লেখ থাকতে হবে।

০৩। অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা থেকে প্রাপ্ত সকল পত্রাদির মুদ্রিত সংস্করণ (Hard Copy) যথাসময়ে নিষ্পত্তির লক্ষ্যে উক্ত পত্রসমূহ স্ক্যান করে ই-নথির মাধ্যমে সচিব দপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের নিকট প্রেরণের বিষয়টি মন্ত্রণালয়ের সাধারণ সেবা অধিশাখা নিশ্চিত করবে। সেবা অধিশাখা এ লক্ষ্যে পালক্রমে দুই/তিনজন কর্মচারীকে প্রাপ্ত পত্রসমূহ স্ক্যান করে ই-নথির ডাকের মাধ্যমে প্রেরণের দায়িত্ব পালনের জন্য নির্ধারণ করবে।

০৪। যে সকল ক্ষেত্রে কোন পত্র/কার্যবিবরণী/সারসংক্ষেপ/প্রকল্পের ডিপিপি ইত্যাদির মুদ্রিত সংস্করণে উর্ধ্বতন কর্তৃপক্ষের স্বাক্ষর নেয়া প্রয়োজন, সে সকল ক্ষেত্রেও সংশ্লিষ্ট নথিসমূহ ই-নথির মাধ্যমে নিষ্পত্তি করে সংশ্লিষ্ট পত্র/কার্যবিবরণী/সারসংক্ষেপ/প্রকল্পের ডিপিপি ইত্যাদির মুদ্রিত সংস্করণে স্বাক্ষর গ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৫। কোন অবস্থাতেই মন্ত্রণালয়ে প্রাপ্ত পত্র স্ক্যান করে ই-ডাকে উপস্থাপন, নথি উপস্থাপন/নিষ্পত্তি এবং মন্ত্রণালয় থেকে পত্র প্রেরণে বিলম্ব না হওয়ার বিষয়টি সংশ্লিষ্ট সকলে নিশ্চিত করবেন।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৪-৬-২০২০

মোহাম্মদ খালেদুজ্জামান

উপসচিব

ফোন: +৮৮০২৯৫৫৮৫৪৯, মোবাইল: +৮৮০১৫৫২৩২৬৬১৪

ইমেইল: zamandu@yahoo.com

নম্বর: ৩৬.০০.০০০০.০৪৬.৯৯.০১৬.২০.৫৯২/১(৭০)

তারিখ: ১০ আষাঢ়, ১৪২৭
২৪ জুন ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা

হইল:

- ১) অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয়
- ২) চেয়ারম্যান, বিসিআইসি/বিএসইসি/বিএসএফআইসি/বিসিক, ঢাকা।
- ৩) মহাপরিচালক, বিএসটিআই/বিটাক/বিআইএম/বিএবি, ঢাকা।
- ৪) যুগ্মসচিব (সকল)/যুগ্ম প্রধান, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব), পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর
- ৬) পরিচালক, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)
- ৭) ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এস এম ই ফাউন্ডেশন)

- ৮) উপসচিব (সকল)/উপ-প্রধান/ সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয়, ঢাকা.
৯) উপসচিব, সাধারণ সেবা অধিশাখা, শিল্প মন্ত্রণালয়
১০) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, শিল্প মন্ত্রণালয়
১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শিল্প মন্ত্রণালয়
১২) প্রধান বয়লার পরিদর্শক, প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়
১৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, শিল্প মন্ত্রণালয়



২৪-৬-২০২০

মোহাম্মদ খালেকুজ্জামান
উপসচিব